

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮৪৯

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ রুকু-সিজদা সঠিকভাবে না করা

আরবী

عَنْ أَبِيْ عَبْدِ اللهِ الأَشْعَرِيِّ رَضِيَ اللهُ تَعَالَى عَنهُ أَن رَسُولَ اللهِ عَلِيْ رَأَى رَجُلا لا يُتِمَّ رُكُوعَهُ يَنْقُرُ فِي سُجُودِهِ وَهُوَ يُصِلِّي فَقَالَ رَسُولُ اللهِ عَلِي لَوْ مَاتَ هَذَا عَلَى حَالِهِ هَذِهِ مَاتَ عَلَى عَنْد مِلَّةِ مُحَمَّدٍ عَلَيْ ثُمَّ قَالَ رَسُولُ اللهِ عَلَيْ مَثَلُ الَّذِي لا يُتِمُّ رُكُوعَهُ ويَنْقُرُ فِي سُجُودِهِ مَثَلُ الْجَائِعِ يَأْكُلُ التَّمْرَةَ وَالتَّمْرَتَينِ لاَ تُغْنِيَانِ عَنهُ شَيْئًا

বাংলা

(৮৪৯) আবু আব্দুল্লাহ আশআরী (রাঃ) বলেন, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে দেখলেন, সে তার নামাযে পূর্ণভাবে রুকৃ করছে না এবং ঠক্ঠক্ করে (তাড়াতাড়ি) সিজদা করছে। এ দেখে তিনি বললেন, এ ব্যক্তি যদি এই অবস্থায় মারা যায়, তাহলে তার মরণ মুহাম্মাদী মিল্লতের উপর হবে না।

অতঃপর তিনি বললেন, যে ব্যক্তি তার রুকূ সম্পূর্ণরূপে করে না এবং ঠকাঠক্ (তাড়াহুড়া করে) সিজদা করে তার উদাহরণ সেই ক্ষুধার্ত ব্যক্তির মত যে, একটি অথবা দু'টি খেজুর তো খায়, অথচ তা তাকে মোটেই পরিভৃপ্ত করে না।

ফুটনোট

(ত্বাবারানী ৩৭৪৮, আবূ য়্যা'লা ৭১৮৪, ইবনে খুযাইমা ৬৬৫, সহীহ তারগীব ৫২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইবেরী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন